দৈনিক বাংলা

তারিখ 20 SEP 1988 ... কলাম ... ৭ ...

095

# ঢাকা ভার্সিটির বক্তব্য উদ্দেশ্য প্রণোদিত : বিএনপি

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নামে বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসমূলক তৎপরতার দায়-দায়িত্ব বিএনপি চেয়ারম্যান বেগম খালেদা জিয়া ও

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## বিএনপি

(প্রথম পৃঃ পর)

বিএনপি'র ওপর চাপিয়ে যে বিবৃতি পত্রিকায় ছাপা হয়েছে মঙ্গলবার বাংলাদেশ জাতীয়তাবাদী দল তার প্রতিবাদ করেছে।

দলের দফতর সম্পাদক আফসার আহমেদ সিদ্দিকীর স্বাক্ষরযুক্ত এক বিবৃতিতে এই প্রতিবাদ জানানো হয়। এ সম্পর্কে দেয়া বক্তব্যে পত্রিকায় পরিবেশিত সংবাদকে উদ্দেশ্যপ্রণোদিত, পক্ষপাতমূলক ও অশালীন বলে আখ্যায়িত করা হয়। বিএনপি'র বিবৃতিতে বলা হয়, সম্পূর্ণ ষড়যন্ত্রমূলকভাবে দেশের জনগণের সামনে বিএনপি ও জননেত্রী বেগম খালেদা জিয়ার ভাবমূর্তিকে নষ্ট করার এক হীন প্রয়াসে এই সংবাদ পরিবেশন করা হয়েছে। কারণ বিশ্ববিদ্যালয়ের আইন-শৃংখলা রক্ষা করার দায়িত্ব বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও সরকারের।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভাইস চ্যান্সেলরের বিরুদ্ধে বিএনপি'র বিবৃতিতে ছাত্র-ছাত্রীদের একজন অভিভাবকের স্থানে অবতীর্ণ থেকে ছাত্রছাত্রীদের প্রতি প্রতিহিংসামূলক মনোবৃত্তি, বেআইনীভাবে ছাত্র বহিষ্কার উদ্দেশ্যপ্রণোদিত হয়ে ছাত্রনেতাদের বিরুদ্ধে অবিশ্বাস্য অভিযোগ উত্থাপন করে নোটিশ প্রদান, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পদে দলীয় নিয়োগের মাধ্যমে দুর্নীতি, জগন্নাথ হল ও সুইমিং পুল নির্মাণে দুর্নীতির অভিযোগ উত্থাপন করা হয়েছে। বিবৃতিতে বর্তমান ভাইস চ্যান্সেলরকে একজন বিতর্কিত ব্যক্তি বলে উল্লেখ করা হয়।

বিবৃতিতে বলা হয় যে ক্যাম্পাসে ভাইস চ্যান্সেলরের পদত্যাগ দাবীতে আন্দোলন-পোস্টার ও তার কতিপয় সিদ্ধান্তের বিরুদ্ধে শিক্ষক ধর্মঘটের ফলে তিনি আজ এক নাজুক অবস্থায় পড়েছেন। তার এই ব্যর্থতা, অযোগ্যতা ও দুর্নীতিকে ধামাচাপা দেয়ার জন্যে একজন সম্মানিত জননেত্রীকে বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে হস্তক্ষেপ করার তিনি এক নজিরবিহীন আহ্বান জানিয়েছেন। এই আহ্বান জানানোর মাধ্যমে তিনি ভাইস চ্যান্সেলর পদের মর্যাদাকে হেয় প্রতিপন্ন করেছেন, বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি নষ্ট করেছেন ও বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের পরিপন্থী কাজ করেছেন। ভাইস চ্যান্সেলরের এই পদক্ষেপ নিন্দনীয় ও জাতির জন্য লজ্জাজনক।

সকল শিক্ষাঙ্গণ থেকে সন্ত্রাস নির্মূল করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্যে ইতিপূর্বে দেয়া বিএনপি'র আহ্বানের কথা উল্লেখ করে বিবৃতিতে বলা হয়, সন্ত্রাসকারী সে যেই হোক না কেন তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের কথাও বিএনপি বার বার ব্যক্ত করেছে। এতদসত্ত্বেও বিশেষ একটি দল ও তার সম্মানিত নেত্রী সম্পর্কে এহেন বক্তব্য দ্[illegible] প্রমাণ করে ভাইস চ্[illegible]পেক্ষ নন।